# ঢাকা বিশ্ববিদ্যালয়

১৪-১২-২০২৩ তারিখ বৃহস্পতিবার **শহীদ বুদ্ধিজীবী দিবস** এবং ১৬-১২-২০২৩ তারিখ শনিবার **মহান বিজয় দিবস** উদ্‌যাপন উপলক্ষে কর্মসূচি প্রণয়নের উদ্দেশ্যে ০৩ ডিসেম্বর ২০২৩ তারিখ রবিবার সকাল ১০:০০ টায় নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন মিলনায়তনে মাননীয় উপাচার্যের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার প্রারম্ভে মহান স্বাধীনতা যুদ্ধে নিহত শহীদ বুদ্ধিজীবী ও অন্যান্য শহীদদের আত্মার প্রতি শ্রদ্ধা জানানোর নিমিত্তে দাঁড়িয়ে ০১(এক) মিনিট নিরবতা পালন করা হয়।

## সভার কার্যবিবরণী

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট ও সিন্ডিকেটের সদস্যবৃন্দ, অনুষদসমূহের ডিন, হল ও হোস্টেলসমূহের প্রাধ্যক্ষ ও ওয়ার্ডেন, প্রক্টর, বিভাগীয় চেয়ারম্যান, ইনস্টিটিউটের পরিচালক, অফিস প্রধান, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, অফিসার্স এসোসিয়েশন, কর্মচারী সমিতি, কারিগরী কর্মচারী সমিতি, চতুর্থ শ্রেণী কর্মচারী ইউনিয়ন এবং ঢাকা বিশ্ববিদ্যালয় মুক্তিযোদ্ধা প্রাতিষ্ঠানিক ইউনিট কমান্ড-এর যৌথ উদ্যোগে আগামী ১৪-১২-২০২৩ তারিখ বৃহস্পতিবার শহীদ বুদ্ধিজীবী দিবস এবং ১৬-১২-২০২৩ তারিখ শনিবার মহান বিজয় দিবস উদ্‌যাপন উপলক্ষে নিম্নলিখিত কর্মসূচি গ্রহণ করা হোক :

## ক. শহীদ বুদ্ধিজীবী দিবসের কর্মসূচি

| ১৪-১২-২০২৩ তারিখ বৃহস্পতিবার | | |
|---|---|---|
| ১. | সকাল ৫:৪৫ মিনিট | উপাচার্য ভবনসহ সকল হল ও বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ ভবনসমূহে কালো পতাকা উত্তোলন করা হবে। উপাচার্য ভবনসহ অন্যান্য ভবনে **এস্টেট ম্যানেজার** এবং হল ও হোস্টেলসমূহের ক্ষেত্রে সংশ্লিষ্ট হল ও হোস্টেলের **প্রাধ্যক্ষ ও ওয়ার্ডেন** পতাকা উত্তোলনের ব্যবস্থা গ্রহণ করবেন। |
| ২. | সকাল ৫:৫০ মিনিট | অপরাজেয় বাংলার পাদদেশে জমায়েত। |
| ৩. | সকাল ৬:০০ টা | মাননীয় উপাচার্যের নেতৃত্বে মাননীয় প্রো-উপাচার্য (প্রশাসন), মাননীয় প্রো-উপাচার্য (শিক্ষা), মাননীয় কোষাধ্যক্ষ, রেজিস্ট্রারসহ সিনেট ও সিন্ডিকেটের সদস্যবৃন্দ, সকল অনুষদের ডিন, হল ও হোস্টেলসমূহের প্রাধ্যক্ষ ও ওয়ার্ডেন, প্রক্টর, বিভাগীয় চেয়ারম্যান ও ইনস্টিটিউটের পরিচালকবৃন্দ, অফিস প্রধানবৃন্দ, সম্মানিত সকল শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা এবং কর্মচারী অপরাজেয় বাংলার পাদদেশ হতে সমভিব্যাহারে পর্যায়ক্রমে কেন্দ্রীয় মসজিদ প্রাঙ্গণের কবরস্থান এবং জগন্নাথ হল প্রাঙ্গণ, শহীদ মিনার, উত্তর ফুলার রোড, ঈশাখান রোড, দক্ষিণ ফুলার রোড, শহীদ বুদ্ধিজীবী স্মৃতিফলক (স্মৃতি চিরন্তন), আইইআর-এ পুস্পস্তবক অর্পণ করার পর মিরপুর বুদ্ধিজীবী স্মৃতিসৌধ ও রায়ের বাজার বধ্যভূমিতে পুস্পস্তবক অর্পণের উদ্দেশ্যে যাত্রা। হল ও হোস্টেলসমূহের পক্ষ হতে পুস্পস্তবক অর্পণ করবেন স্ব স্ব হল প্রাধ্যক্ষ ও ওয়ার্ডেন। পুস্পস্তবক অর্পণের কেন্দ্রীয় ব্যানার তৈরি করবেন **প্রধান প্রকৌশলী**। |
| ৪. | সকাল ১১:০০ টা | ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে আলোচনা সভা আয়োজন। আলোচনা সভায় সভাপতিত্ব করবেন মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল। মাননীয় প্রো-উপাচার্য (প্রশাসন), মাননীয় প্রো-উপাচার্য (শিক্ষা) এবং মাননীয় কোষাধ্যক্ষ সভায় সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতিসহ সকল সমিতিসমূহকে এবং বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দকে আলোচনা সভায় অংশগ্রহণের জন্য অনুরোধ জানানো হলো। আলোচনা সভার মঞ্চের ব্যানার তৈরি করবেন **পরিচালক, ছাত্র-শিক্ষক কেন্দ্র**। |
| ৫. | বাদ জোহর | ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদসহ সকল হল মসজিদ ও অন্যান্য উপাসনালয়ে শহীদ বুদ্ধিজীবীদের আত্মার মাগফেরাত এবং শান্তি কামনায় দোয়া/প্রার্থনা। |

## খ. মহান বিজয় দিবসের কর্মসূচি

| ১৬-১২-২০২৩ তারিখ শনিবার | | |
|---|---|---|
| ১. | সকাল ৫:৪৫ মিনিট | উপাচার্য ভবনসহ সকল হল ও বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ ভবনসমূহে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। উপাচার্য ভবনসহ অন্যান্য ভবনে **এস্টেট ম্যানেজার** এবং হল ও হোস্টেলসমূহের ক্ষেত্রে সংশ্লিষ্ট হল ও হোস্টেলের **প্রাধ্যক্ষ ও ওয়ার্ডেন** পতাকা উত্তোলনের ব্যবস্থা গ্রহণ করবেন। |
| ২. | সকাল ৫:৫০ মিনিট | সাভার জাতীয় স্মৃতিসৌধে পুস্পস্তবক অর্পণের উদ্দেশ্যে স্মৃতি চিরন্তন চত্বরে জমায়েত। |
| ৩. | সকাল ৬:০০ টা | মাননীয় উপাচার্যের নেতৃত্বে মাননীয় প্রো-উপাচার্য (প্রশাসন), মাননীয় প্রো-উপাচার্য (শিক্ষা), মাননীয় কোষাধ্যক্ষ, রেজিস্ট্রারসহ সিনেট ও সিন্ডিকেটের সদস্যবৃন্দ, সকল অনুষদের ডিন, হল ও হোস্টেলসমূহের প্রাধ্যক্ষ ও ওয়ার্ডেন, প্রক্টর, বিভাগীয় চেয়ারম্যান ও ইনস্টিটিউটের পরিচালকবৃন্দ, অফিস প্রধানবৃন্দ, সম্মানিত সকল শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা এবং কর্মচারীদের স্মৃতি চিরন্তন চত্বর হতে সাভারস্থ জাতীয় স্মৃতিসৌধের উদ্দেশ্যে যাত্রা। পুস্পস্তবক অর্পণের কেন্দ্রীয় ব্যানার তৈরি করবেন **প্রধান প্রকৌশলী**। |
| ৪. | বাদ জোহর | বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মসজিদ মসজিদুল জামিয়া, হল মসজিদসমূহ ও অন্যান্য উপসনালয়সমূহে শহীদদের আত্মার মাগফেরাত ও শান্তি কামনা এবং দেশের সমৃদ্ধি ও উন্নতির জন্য দোয়া/প্রার্থনা। |
| ৫. | বিকাল ৪:১০ মিনিট | মহান বিজয় দিবস উদ্‌যাপন উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় ও ছায়ানটের যৌথ উদ্যোগে ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে "সঙ্গীতানুষ্ঠান"। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন **পরিচালক, শারীরিক শিক্ষা কেন্দ্র ও পরিচালক, ছাত্র-শিক্ষক কেন্দ্র**। |
| ৬. | সন্ধ্যা ৬:০০ টা | ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে মহান বিজয় দিবস উপলক্ষে 'জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে মুক্তিযুদ্ধের আদর্শ, চেতনা ধারণ ও ডিজিটাল প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার এবং বিজয় দিবসের তাৎপর্য' শীর্ষক আলোচনা সভা আয়োজন। আলোচনা সভায় সভাপতিত্ব করবেন মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল। মাননীয় প্রো-উপাচার্য (প্রশাসন), মাননীয় প্রো-উপাচার্য (শিক্ষা) এবং মাননীয় কোষাধ্যক্ষ সভায় সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতিসহ সকল সমিতিসমূহকে এবং বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দকে আলোচনা সভায় অংশগ্রহণের জন্য অনুরোধ জানানো হলো। আলোচনা সভার মঞ্চের ব্যানার তৈরি করবেন **পরিচালক, ছাত্র-শিক্ষক কেন্দ্র**। |
| ৭. | সন্ধ্যা ৭:০০ টা | মহান বিজয় দিবস উদ্‌যাপন উপলক্ষে ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে সংগীত বিভাগ, থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগ এবং নৃত্যকলা বিভাগের যৌথ আয়োজনে "সাংস্কৃতিক অনুষ্ঠান"। উক্ত সাংস্কৃতিক অনুষ্ঠানে গান ও নৃত্যানুষ্ঠান বিষয়ে সংগীত বিভাগ, থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগ এবং নৃত্যকলা বিভাগের চেয়ারম্যানবৃন্দ মাননীয় প্রো-উপাচার্য (প্রশাসন) মহোদয়কে ১০ ডিসেম্বর ২০২৩ তারিখের মধ্যে অবহিত করবেন। অনুষ্ঠানটি সমন্বয় করবেন **সংগীত বিভাগের চেয়ারম্যান**। |

## যানবাহনের ব্যবস্থা নিম্নরূপ হবে :

| | হল/প্রতিষ্ঠানের নাম | ১৪-১২-২০২৩ | ১৬-১২-২০২৩ |
|---|---|---|---|
| ১. | সলিমুল্লাহ মুসলিম হল | ১ টি বাস | ১টি বাস |
| ২. | ড. মুহম্মদ শহীদুল্লাহ হল | ১ টি বাস | ১টি বাস |
| ৩. | জগন্নাথ হল | ১ টি বাস | ১টি বাস |
| ৪. | ফজলুল হক মুসলিম হল | ১ টি বাস | ১টি বাস |
| ৫. | শহীদ সার্জেন্ট জহুরুল হক হল | ১ টি বাস | ১টি বাস |
| ৬. | রোকেয়া হল | ১ টি বাস | ১টি বাস |
| ৭. | সূর্যসেন হল | ১ টি বাস | ১টি বাস |
| ৮. | হাজী মুহম্মদ মুহসীন হল | ১ টি বাস | ১টি বাস |
| ৯. | শামসুন নাহার হল | ১ টি বাস | ১টি বাস |
| ১০. | কবি জসীম উদ্‌দীন হল | ১ টি বাস | ১টি বাস |
| ১১. | স্যার এ এফ রহমান হল | ১ টি বাস | ১টি বাস |
| ১২. | জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল | ১ টি বাস | ১টি বাস |
| ১৩. | মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হল | ১ টি বাস | ১টি বাস |
| ১৪. | বাংলাদেশ কুয়েত-মৈত্রী হল | ১ টি বাস | ১টি বাস |
| ১৫. | স্যার পি জে হার্টগ ইন্টারন্যাশনাল হল | ১ টি বাস | ১টি বাস |
| ১৬. | বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হল | ১ টি বাস | ১টি বাস |
| ১৭. | অমর একুশে হল | ১ টি বাস | ১টি বাস |
| ১৮. | কবি সুফিয়া কামাল হল | ১ টি বাস | ১ টি বাস |
| ১৯. | বিজয় একাত্তর হল | ১ টি বাস | ১ টি বাস |
| ২০. | নবাব ফয়জুন্নেসা চৌধুরানী ছাত্রীনিবাস | ১ টি বাস | ১ টি বাস |
| ২১. | আইবিএ হোস্টেল | ১ টি মিনিবাস | ১ টি মিনিবাস |
| ২২. | লেদার ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি ইনস্টিটিউট | ১ টি বাস | ১ টি বাস |
| ২৩. | ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি | ২টি মাইক্রোবাস | ২টি মাইক্রোবাস |
| ২৪. | ঢাকা বিশ্ববিদ্যালয় অফিসার্স এসোসিয়েশন | ১ টি বাস | ১টি বাস |
| ২৫. | ঢাকা বিশ্ববিদ্যালয় কর্মচারী সমিতি | ১ টি বাস | ১টি বাস |
| ২৬. | ঢাকা বিশ্ববিদ্যালয় কারিগরী কর্মচারী সমিতি | ১ টি বাস | ১টি বাস |
| ২৭. | ঢাকা বিশ্ববিদ্যালয় চতুর্থ শ্রেণী কর্মচারী ইউনিয়ন | ১ টি বাস | ১টি বাস |
| ২৮. | ছাত্র সংগঠনসমূহের জন্য অতিরিক্ত | ২ টি বাস | ২টি বাস |
| ২৯. | মুক্তিযোদ্ধা প্রাতিষ্ঠানিক ইউনিট কমান্ড | ১ টি মিনিবাস | ১টি মিনিবাস |
| ৩০. | শহীদ পরিবার কল্যাণ সমিতি | ১ টি বিশ্ববিদ্যালয় বাস | ১টি বিশ্ববিদ্যালয় বাস |
| ৩১. | স্বেচ্ছাসেবক টিম | ১ টি বিশ্ববিদ্যালয় বাস | ১টি বিশ্ববিদ্যালয় বাস |

*১৪ এবং ১৬ ডিসেম্বর ২০২৩ তারিখের কর্মসূচির জন্য যানবাহনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন **পরিবহন ম্যানেজার**। ১৬ ডিসেম্বর ২০২৩ মহান বিজয় দিবসে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণের উদ্দেশ্যে হলের ছাত্র-ছাত্রীদের জন্য যদি অতিরিক্ত গাড়ির প্রয়োজন হয় তবে সংশ্লিষ্ট হলের প্রাধ্যক্ষ যথাসময়ে পরিবহন ম্যানেজার-কে অবহিত করলে তিনি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

**বিশেষ দ্রষ্টব্য :**

| (১) শহীদ বুদ্ধিজীবী দিবসের ব্যানার হবে | (২) মহান বিজয় দিবসের ব্যানার হবে |
|---|---|
| কালো কাপড়ের উপর সাদা রঙের লেখা : | লাল কাপড়ের উপর সাদা রঙের লেখা : |
| (বিশ্ববিদ্যালয়ের মনোগ্রাম) | (বিশ্ববিদ্যালয়ের মনোগ্রাম) |
| শহীদ বুদ্ধিজীবী দিবস | মহান বিজয় দিবস |
| ..................................হল/সংগঠনের নাম | ..................................হল/সংগঠনের নাম |
| ঢাকা বিশ্ববিদ্যালয় | ঢাকা বিশ্ববিদ্যালয় |
| (ব্যানারের পরিমাপ ঃ ৯ ফুট × ৩ ফুট) | (ব্যানারের পরিমাপ ঃ ৯ ফুট × ৩ ফুট) |

(৩) হলসমূহে বাস পাঠানো হলেও সকল বাস একসাথে অপরাজেয় বাংলার পাদদেশ হতে যাত্রা করবে।

(৪) উক্ত কর্মসূচিসমূহে অংশগ্রহণের জন্য ছাত্র-শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারিবৃন্দকে অনুরোধ করা যাচ্ছে।

(৫) শহীদ বুদ্ধিজীবী দিবস এবং মহান বিজয় দিবসের কর্মসূচি উপলক্ষে যথাসময়ে অপরাজেয় বাংলা, বিশ্ববিদ্যালয় ছাত্র-শিক্ষক কেন্দ্র প্রাঙ্গণে অন্যান্য ভাস্কর্যসমূহসহ উক্ত চত্বর এবং বিশ্ববিদ্যালয় এলাকায় নির্মিত সকল স্মৃতিসৌধ পরিস্কার পরিচ্ছন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য **প্রধান প্রকৌশলী** ও **এস্টেট ম্যানেজার**-কে অনুরোধ করা হলো।

(৬) ১৫-১২-২০২৩ এবং ১৬-১২-২০২৩ তারিখে সন্ধ্যা থেকে কলা ভবন, কার্জন হল, ছাত্র-শিক্ষক কেন্দ্র ও স্মৃতি চিরন্তন-এ আলোকসজ্জার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন প্রধান প্রকৌশলী। ১৪ ডিসেম্বর ২০২৩ তারিখ কোন আলোকসজ্জা থাকবে না।

(৭) ১৬-১২-২০২৩ তারিখে ছাত্র-শিক্ষক কেন্দ্রে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য **বাঁধন**-এর সভাপতি ও সাধারণ সম্পাদক-কে অনুরোধ করা হলো।

(৮) আবাসিক হলসমূহে প্রাধ্যক্ষ কর্তৃক শহীদ বুদ্ধিজীবী ও মহান স্বাধীনতা যুদ্ধের চিত্র প্রদর্শনী /চলচ্চিত্র প্রদর্শনী /প্রামাণ্য চিত্র প্রদর্শনীর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(৯) শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে (১৪-১২-২০২৩) এবং মহান বিজয় দিবস (১৬-১২-২০২৩) উপলক্ষে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণের সময় ও আলোচনা সভায় ছাত্র-শিক্ষক কেন্দ্রে শৃঙ্খলা রক্ষার্থে প্রয়োজনীয় সংখ্যক বি এন সি সি, রোভার স্কাউট ও রেঞ্জার ইউনিট সদস্য রাখার ব্যবস্থা গ্রহণের জন্য প্রক্টর ও প্রধান রোভার স্কাউট লিডার, ঢাকা বিশ্ববিদ্যালয়-কে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/- ০৭/১২/২০২৩

(অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল)
উপাচার্য
ঢাকা বিশ্ববিদ্যালয়

com-1/E/Eunus/ 14,16 December/14,16 December 2023/ Circular 2023

স্মারক নং-রেজি/প্রশা-৩/ ৪২৬৭১ - বি.১ তারিখ: ২৫/৮/১৪৩০ বঙ্গাব্দ
১০/১২/২০২৩ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নোক্তদের নিকট অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতাভিত্তিক নয়):**

১. সিনেট ও সিন্ডিকেট সদস্যবৃন্দ, ঢাকা বিশ্ববিদ্যালয়
২. সকল অনুষদের ডিন, ঢাকা বিশ্ববিদ্যালয়
৩. সকল হল ও হোস্টেলের প্রাধ্যক্ষ ও ওয়ার্ডেন, ঢাকা বিশ্ববিদ্যালয় { আপনার হল /হোস্টেলের ছাত্র-ছাত্রীদেরকে অনুষ্ঠানে যোগদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হলো।
৪. প্রাধ্যক্ষ, জগন্নাথ হল, ঢাকা বিশ্ববিদ্যালয়
৫. প্রক্টর, ঢাকা বিশ্ববিদ্যালয়
৬. সকল বিভাগীয় চেয়ারম্যান, ঢাকা বিশ্ববিদ্যালয়
৭. সকল ইনস্টিটিউটের পরিচালক, ঢাকা বিশ্ববিদ্যালয় { আপনার বিভাগ /ইনস্টিটিউটের শিক্ষক-শিক্ষার্থীদের মধ্যে প্রচারের জন্য বিজ্ঞপ্তির অতিরিক্ত ৫ (পাঁচ) কপি এতদ্‌সঙ্গে প্রেরিত হলো।
৮. চেয়ারম্যান, সংগীত বিভাগ, থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগ ও নৃত্যকলা বিভাগ ঢাকা বিশ্ববিদ্যালয়
৯. সকল অফিস প্রধান, ঢাকা বিশ্ববিদ্যালয়
১০. সভাপতি ও সাধারণ সম্পাদক, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি
১১. গ্রন্থাগারিক, ঢাকা বিশ্ববিদ্যালয়
১২. প্রধান প্রকৌশলী, ঢাকা বিশ্ববিদ্যালয়
১৩. হিসাব পরিচালক, ঢাকা বিশ্ববিদ্যালয় { ১৪/১২/২০২৩ ও ১৬/১২/২০২৩ তারিখের আলোচনা সভার ব্যানার তৈরীর জন্য প্রধান প্রকৌশলীকে অনুরোধ করা হলো।
১৪. পরিচালক, জনসংযোগ অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয় (ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়াকে অবহিত করার অনুরোধ করা হলো)
১৫. পরিচালক, ছাত্র-শিক্ষক কেন্দ্র, ঢাকা বিশ্ববিদ্যালয়
১৬. পরিচালক, শারীরিক শিক্ষা কেন্দ্র, ঢাকা বিশ্ববিদ্যালয়
১৭. পরিচালক, ভাষা শহীদ আবুল বরকত স্মৃতি জাদুঘর ও সংগ্রহশালা, ঢাকা বিশ্ববিদ্যালয়
১৮. পরিচালক, আইসিটি (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) সেল, ঢাকা বিশ্ববিদ্যালয় (বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
১৯. সভাপতি ও সাধারণ সম্পাদক, ঢাকা বিশ্ববিদ্যালয় অফিসার্স এসোসিয়েশন
২০. সকল ডেপুটি রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়
২১. ডেপুটি রেজিস্ট্রার ও সচিব, উপাচার্যের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
২২. ডেপুটি রেজিস্ট্রার ও সচিব, প্রো-উপাচার্যের অফিস (প্রশাসন), ঢাকা বিশ্ববিদ্যালয়।
২৩. ডেপুটি রেজিস্ট্রার ও সচিব, প্রো-উপাচার্যের অফিস (শিক্ষা), ঢাকা বিশ্ববিদ্যালয়।
২৪. ডেপুটি রেজিস্ট্রার ও সচিব, কোষাধ্যক্ষের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
২৫. অধ্যক্ষ, ইউনিভার্সিটি ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ, ঢাকা বিশ্ববিদ্যালয়
২৬. অধ্যক্ষ, উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা বিশ্ববিদ্যালয়
২৭. কন্টিনজেন্ট কমান্ডার, বি এন সি সি, ঢাকা বিশ্ববিদ্যালয় কন্টিনজেন্ট
২৮. সম্পাদক ও প্রধান রোভার স্কাউট লিডার, ঢাকা বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপ
২৯. সভাপতি, ঢাকা বিশ্ববিদ্যালয় রেঞ্জার ইউনিট
৩০. পরিবহণ ম্যানেজার, ঢাকা বিশ্ববিদ্যালয়
৩১. এস্টেট ম্যানেজার, ঢাকা বিশ্ববিদ্যালয়
৩২. প্রধান ইমাম খতিব, মসজিদুল জামিয়া, ঢাকা বিশ্ববিদ্যালয় (কেন্দ্রীয় মসজিদ মসজিদুল জামিয়ায় দোয়া আয়োজন করার অনুরোধ করা হলো)
৩৩. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রারের ব্যক্তিগত শাখা, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৩৪. আহবায়ক ও সদস্য-সচিব, মুক্তিযোদ্ধা প্রাতিষ্ঠানিক ইউনিট কমান্ড, ঢাকা বিশ্ববিদ্যালয়
৩৫. সভাপতি ও সাধারণ সম্পাদক, বাঁধন, ঢাকা বিশ্ববিদ্যালয়
৩৬. সভাপতি ও সাধারণ সম্পাদক, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্মচারী সমিতি, কারিগরী কর্মচারী সমিতি ও চতুর্থ শ্রেণী কর্মচারী ইউনিয়ন
৩৭. সভাপতি, শহীদ পরিবার কল্যাণ সমিতি, ঢাকা বিশ্ববিদ্যালয়
৩৮. সিনিয়র সিকিউরিটি অফিসার, ঢাকা বিশ্ববিদ্যালয়

১০/১২/২০২৩
সৈয়দা মাসুদা আক্তার
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন-৩)
ঢাকা বিশ্ববিদ্যালয়
ফোন ঃ ৯৬৬১৯০০-৫৯/৪০২১